

## 💵 লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৭. গোটা পৃথিবীর বোঝা নিজের ঘাড়ে নিবেন না

কিছু লোকের মাঝে আভ্যন্তরীণ যুদ্ধের এক তুলকালাম কাণ্ড ঘটতে থাকে, এ যুদ্ধ যুদ্ধের ময়দানে হয় না বরং তাদের শোয়ার ঘরে, অফিসে ও বাড়িতে এ যুদ্ধ সংঘটিত হয়। এ যুদ্ধের ফলে তাদের গ্যাস্ট্রিক আলসার বা হাইব্লাড প্রেসার দেখা দেয়।

সবকিছুতেই এসব লোক হতাশ হয়ে পড়ে। মুদ্রাস্ফীতি ঘটলে এরা রাগান্বিত হয়ে যায়। বৃষ্টি হতে দেরি হলে অগ্নিশর্মা হয়ে উঠে, আর যখন তাদের মুদ্রার মানহ্রাস পেয়ে যায় তখন তারা অতিশয় ক্রুদ্ধ হয়ে পড়েন। কারণ যাই হোক না কেন তারা সর্বদাই অস্থির, উদ্বিগ্ধ ও বিরক্ত।

"তারা যে কোন শোরগোলকে তাদেরই বিরুদ্ধে মনে করে।" (৬৩-সূরা আল মুনাফিকূন: আয়াত-৪) আপনার প্রতি আমার পরামর্শ হল, গোটা বিশ্বের বোঝা নিজের ঘাড়ে নিবেন না। যা কিছু ঘটে তার বোঝা ভূমিকেই বহন করতে দিন। কিছু লোকের আত্মা সব ধরনের ধোকা, প্রতারণা ও ভ্রান্ত ধারণাকে স্থান দেয়; ফলে সর্বাপেক্ষা তুচ্ছ বিষয়েও সে কষ্ট পায়; এটা এমন আত্মা, যা তার অধিকারীকে ধ্বংস করবেই।

সুনীতিবান ও সৎপথে প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গ সঙ্কটে বিচলিত হয় না; বরং সঙ্কট তাদের দৃঢ় প্রত্যয় ও ঈমানকে আরো শক্তিশালী হতে সাহায্য করে। কিন্তু দুর্বলচিত্তদের জন্য বিপরীত অবস্থাটাই সত্য। যখন তারা প্রতিকূল অবস্থা ও সঙ্কটের কবলে পড়ে, তখন শুধু তাদের ভয়ের মাত্রাই বৃদ্ধি পায়। বিপর্যয়ের সময় আপনার জন্য একটি সাহসী আত্মার চেয়ে বেশি উপকারী আর কোন কিছুই নেই। যার এমন আত্মা আছে সেই প্রশান্তমনা- তার দৃঢ় বিশ্বাস ও শীতল স্নায়ু (প্রশান্ত মন ও ঠাণ্ডা মাথা) আছে।

অপরপক্ষে কাপুরুষ ও ভীতরা কোন নির্দিষ্ট দিনের আসন্ন বিপদের আশঙ্কা ও পূর্বানুভূতিতে নিজেদেরকে কয়েক দফা জবাই করে। তাই, আপনি যদি আপনার জন্য একটি সুপ্রতিষ্ঠিত জীবন আশা করেন তবে সকল অবস্থাকে সাহস ও অধ্যবসায়ের সাথে মুকাবেলা করুন।

"আর এবং যারা দৃঢ় বিশ্বাসী নয়, তারা যেন আপনাকে বিচলিত না করে।" (৩০-সূরা আর রূম: আয়াত-৬০)

"তাদের ষড়যন্ত্রে আপনি মনঃক্ষুন্ন হবেন না।" (১৬-সূরা আন নাহল: আয়াত-১২৭)

আপনার পরিবেশের চেয়েও বেশি দৃঢ় প্রত্যয়ী হোন এবং দুর্বিপাকের ঝঞা বায়ুর চেয়েও বেশি হিংস্র হোন। দুর্বলচিত্তধারীদেরকে আল্লাহ করুণা করুন। কেননা, এমন কতই না ঘটে যে, তারা সামান্যতম ভূ-কম্পনেও



বিচলিত হয়ে যায়।

"আর অবশ্যই আপনি তাদেরকে জীবনের প্রতি সব মানুষের চেয়ে বেশি লোভী দেখতে পাবেন।" (২-সূরা বাকারা: আয়াত-৯৬)

দৃঢ় প্রত্যয়ীদের সম্বন্ধে বলছি যে, তারা তাদের প্রতিপালকের সাহায্যপ্রাপ্ত হন ও তারা তার প্রতিশ্রুতির সম্বন্ধে দৃঢ় প্রত্যয়ী।

"তিনি তাদের উপর প্রশান্তি অবতীর্ণ করলেন।" (৪৮-সূরা আল ফাৎহ: আয়াত-১৮)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7536

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন